

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০১.২৩-১১২৬

তারিখ: ০৪ কার্তিক ১৪৩১
২০ অক্টোবর ২০২৪

বিষয়: প্রতারক থেকে সতর্কতা অবলম্বন বিষয়ে জরুরি বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তার পরিচয় দিয়ে এক শ্রেণীর প্রতারকচক্র টাকা ফেরত দেয়া হবে মর্মে আশ্বাস দিয়ে সম্মানিত হজযাত্রী/হাজী, হজ এজেন্সির মালিক/প্রতিনিধি ও হজ গাইডদের ফোন করে তাদের ডেবিড কার্ড/ক্রেডিট কার্ড/বিকাশ/নগদ ইত্যাদির তথ্য চাচ্ছে।

০২। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে সম্মানিত হাজী, হজ এজেন্সি ও হজ গাইডদের অর্থ ফেরত (রিফান্ড) সরাসরি ব্যাংক হিসাবে BEFTN অথবা চেকের মাধ্যমে প্রেরণ করা হয়। এজন্য কোন ডেবিড কার্ড/ক্রেডিট কার্ড/বিকাশ/নগদের তথ্য চাওয়া হয় না। ইতোপূর্বে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ৯ অক্টোবর ২০২৪ তারিখের ১১০০ নম্বর স্মারকে এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, প্রতারকচক্র ফোন করে টাকা ফেরতের কথা বলে ডেবিড কার্ড/ক্রেডিট কার্ড/বিকাশ/নগদের তথ্য চাইলে না দেয়ার জন্য অনুরোধ করা হলো। এ ধরনের ফোন আসলে আইন-শৃঙ্খলা বাহিনীর নিকট লিখিতভাবে অভিযোগ করার জন্যও পরামর্শ প্রদান করা হলো।



মোঃ রফিকুল ইসলাম

উপসচিব

ফোন: +৮৮০২-৫৫১০১১১৯

e-mail: morahajsection@gmail.com

বিতরণঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপুলিশ পরিদর্শক (আইজিপি), বাংলাদেশ পুলিশ, ঢাকা (০১৩০১-৯৩৬৬১৮, ০১৩১২-০৩৭৫০৭, ০১৩০৪-১২৪২৯৪, ০১৩০৪-১৬০২৮০, ০১৭৭৮-৪১৭৬৯৫, ০১৩২৫-৮৭৭১৮১, ০১৩০৪-১১৪৭১১, ০৯৬৩৮২৩৮১৫৩ এ মোবাইল নম্বর থেকে ইতোমধ্যে ফোন করে প্রতারণা করা হচ্ছে। উক্ত মোবাইল নম্বরধারীসহ প্রতারণাকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC), আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা (০১৩০১-৯৩৬৬১৮, ০১৩১২-০৩৭৫০৭, ০১৩০৪-১২৪২৯৪, ০১৩০৪-১৬০২৮০, ০১৭৭৮-৪১৭৬৯৫, ০১৩২৫-৮৭৭১৮১, ০১৩০৪-১১৪৭১১, ০৯৬৩৮২৩৮১৫৩ এ মোবাইল নম্বরসহ অনিবেদিত সিমাধারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (সকল বিভাগ/জেলার পরিচালক/উপপরিচালকগণকে অবহিত করার অনুরোধসহ)।
৬. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপদেষ্টার একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সিনিয়র তথ্য অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিষয়টি সকল ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১১. সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mora.gov.bd তে প্রকাশের অনুরোধসহ)
১২. পরিচালক/উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন..... (সকল বিভাগ/জেলা)।
১৩. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (সকল এজেন্সিকে অবহিত করার অনুরোধসহ)।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd তে প্রকাশের অনুরোধসহ)
১৫. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার হজ কার্যক্রমে অংশগ্রহণকারী সকল এজেন্সি।
১৬. অফিস কপি।

